



মুক্তার মালা

হযরত নবী করীমের (সাঃ) কয়েকটি অনুকরণীয় অভ্যাস

- পথ চলার সময় সামনে থেকে লোকজনকে সরিয়ে তার জন্য পথ করে দেওয়া হতো না।
- কোন বৈধ কাজে কাউকে নিষেধ করতেন না। কেউ কিছু চাইলে দেওয়ার মত হলে সাথে সাথে দিয়ে দিতেন। দিতে না পারলে চুপ থাকতেন। কারও দিক থেকে সে পর্যন্ত চেহারা ফিরাতে না, যে পর্যন্ত সে ব্যক্তি অন্যদিকে মুখ ফিরাতো। কেউ কোন পোপনীয় কথা বলতে চাইলে তার দিকে কান বাড়িয়ে দিতেন এবং যে পর্যন্ত কথা শেষ না হতো কান সরাতেন না।
- হাঁচি আসলে হাত অথবা বস্ত্র দ্বারা নাক-মুখ ঢেকে নিতেন এবং যথাসম্ভব হাচির শব্দ স্তিমিত করে রাখতেন।
- কোন একপাশে কিছু দেখতে হলে পরিপূর্ণভাবে সে দিকে ফিরে দেখতেন। অহঙ্কারীদের ন্যায় আড়চোখে দৃষ্টিপাত করতেন না।
- দৃষ্টি সবসময় নীচের দিকে রাখতেন। কারও চোখে চোখ রেখে কিছু বলতে লজ্জাবোধ করতেন।
- আচার ব্যবহারে কখনো কাঠোরতা প্রকাশ পেত না।
- সবার মধ্যে একাকার হয়ে থাকতেন। নিজেকে স্বতন্ত্র করে রাখতেন না; বরং অনেক সময় সঙ্গী-সাথীদের সাথে সাধারণ আলোচনায়ও যোগ দিতেন।
- কোন গরীব বৃদ্ধাও যদি তার সাথে পথে-ঘাটে কথা বলতে চাইত, তবে পথের পাশেই দাঁড়িয়ে যেতেন বা বসে পড়তেন।

[শামায়েলে তিরমিযি থেকে সংগৃহীত]